গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
ঢাকা জেলা কার্যালয়
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা ১২০৭
www.doe.gov.bd

## পরিবেশগত ছাড়পত্র

ছাড়পত্র নং: ২৪-১২৩১৬২

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হলো :

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠান/প্রকল্পের নাম | : | Atashi Fashion Ltd. |
| উদ্যোক্তার নাম | : | Akhil Kumar Paul |
| সনাক্তকরণ নং | : | ৮৩৭৮৯ |
| প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম | : | সোয়েটার বুনন ও ওয়াশিং |
| প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী | : | Orange |
| প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা | : | Joypura, Dhamrai, Dhaka. |
| প্রদানের তারিখ | : | 10/07/2024 খ্রিঃ |
| মেয়াদ উত্তীর্ণের তারিখ | : | 09/07/2025 খ্রিঃ |

এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে, অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

## পরিবেশগত ছাড়পত্র জন্য প্রযোজ্য শর্তাবলী:

১ . কারখানার কোন কর্মকান্ড ও প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ দূষণ করা যাবে না।

২ . কারখানার সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহ অথবা পরিশোধনপূর্বক তা স্বাস্থ্য ও পরিবেশসম্মতভাবে অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩ . কারখানাটির বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণ মূলক কোন অভিযোগ উত্থাপিত ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণ করতে হবে।

৪ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) এর সকল বিধিবিধান প্রতি পালন করতে হবে।

৫ . এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৫৮০০ পিস সোয়েটার বুনন ও ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৬ . কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ২.৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

৭ . ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

৮ . কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, CODও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

৯ . কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

১০ . কারখানার ETPহতে সৃষ্ট স্লাজ Dewateringএর জন্যস্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

১১ . ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Managementঅনুসারে Sludge Management Planপ্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

১২ . বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

১৩ . জেনারেটরের Spent lubricating oilএবংOil Filterপরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

১৪ . কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

১৫ . কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performanceমনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

১৬ . কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

১৭ . অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

১৮ . কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

১৯ . কারখানার বর্জ্যব্যবস্থাপনারজন্য3R (Reduce, Reuse and Recycle) Policyঅবলম্বনকরতেহবে।

২০ . এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

২১ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২২ . এ পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমানিত হলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।

২৩ . ছাড়পত্রের মূলকপি কারখানায় সংরক্ষণ করতে হবে এবং অত্র দপ্তরের পরিদর্শক/পরিদর্শকদলকে চাহিবামাত্র তা প্রদর্শন করতে বাধ্য থাকবে।

২৪ . পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টীম বা কোন কর্মকর্তা কারখানা পরিদর্শনে গেলে তাদেরকে কারখানার কার্যক্রম পরিদর্শনকালে সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে বাধ্য থাকবে।

২৫ . এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১ (এক) বৎসরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

২৬ . উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত শর্তের কোনটি ভঙ্গ করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবং আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) অনুসারে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭ . সদর দপ্তরস্থ পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ৫১৫ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নং-খ/৩, মোতাবেক গত ১১/০৩/২০২১ তারিখে অনলাইন

ছাড়পত্র নাম্বার: ২১-৫৭৬০১ এর মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক এ পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হলো।